প্রথম আলো

তারিখ 25 AUG 2009
পৃষ্ঠা ৭ কলাম ৪

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৯ ছাত্রের বিরুদ্ধে অভিযোগপত্র

## মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ●

গত জানুয়ারিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বেদখল হওয়া ১২টি হল ও একটি মাঠ উদ্ধারের দাবিতে ছাত্র-পুলিশ সংঘর্ষের ঘটনার মামলায় নয় ছাত্রের বিরুদ্ধে অভিযোগপত্র দিয়েছে পুলিশ। এই মামলা প্রত্যাহারের দাবিতে গতকাল সোমবার শিক্ষার্থীরা মানববন্ধন করেন।

একাধিক সূত্র জানায়, ওই ঘটনায় পুলিশের উপপরিদর্শক মো. মিজানুর রহমান পাটোয়ারী বাদী হয়ে কোতোয়ালি থানায় মামলা (নম্বর ৮৭) করেন। এই মামলার প্রায় সাত মাস পর সম্প্রতি অভিযোগপত্র দেয় পুলিশ।

এতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের আবুল খায়ের ফরায়েজি ও মিজানুর রহমান, সমাজবিজ্ঞানের কবির হোসেন, ইংরেজির মো. জাহিদুল ইসলাম, প্রাণিবিদ্যার সৈকত মজুমদার, হিসাববিজ্ঞানের আ. মুনাফ, রাষ্ট্রবিজ্ঞানের বকুল মুন্সী ও মো. বুলবুল আহমেদ এবং কবি নজরুল কলেজের আবদুল বাতেনকে আসামি করা হয়েছে।

এদিকে গতকাল দুপুর পৌনে একটায় শহীদ মিনার চত্বরে এই মামলা প্রত্যাহারের দাবিতে মানববন্ধন করেন সাধারণ শিক্ষার্থীরা। কিন্তু প্রক্টরের নির্দেশে পুলিশি বাধার মুখে মিনিট দশেকের মধ্যে তাঁরা মানববন্ধন শে করতে বাধ্য হন।

পরে বেশ কয়েকজন শিক্ষার্থী মামলা প্রত্যাহারের বিষয়ে কথা বলতে প্রক্টরের অফিসে যান। কিন্তু সেখানে অবস্থানরত ছাত্রলীগের এক নেতা তাদে গালিগালাজ করে বের করে দেন।

এ সময় একজন শিক্ষার্থী প্র আলোকে বলেন, 'বিশ্ববিদ্যালয় প্রশা ষড়যন্ত্র করছে। হলগুলো উদ্ধার কর না পেরে তারা এখন শিক্ষার্থীদের হয়র করার কৌশল নিয়েছে, যাতে ভয়ে বে আর এ বিষয়ে আন্দোলন-সংগ্রাম কর না পারে।'

প্রক্টর কাজী আসাদুজ্জামা সাংবাদিকদের বলেন, 'পুলিশ বাদী হ মামলা করেছে। তাই এ ক্ষেত্রে আমাদে কিছু করার নেই। তবে পুলিশকে অনুরোধ করেছি, ক্যাম্পাসের ভেতর তাদের কোনো ধরনের হয়রানি না করতে। মামলার শুনানির সময় আমরা তাদের সহযোগিতা করার চেষ্টা করব।'

গত ২৭ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের বেদখল হওয়া হল উদ্ধারের জন্য সাধারণ শিক্ষার্থীরা বিক্ষোভ-সমাবেশ করেন। এ সময় ছাত্র-পুলিশ সংঘর্ষে শতাধিক শিক্ষার্থী আহত হন এবং ক্যাম্পাসে ব্যাপক ভাঙচুর হয়। ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে পুলিশ সাতজনকে গ্রেপ্তা করে।